

🔳 আল-মুনাফিকূন | Al-Munafiqun | ٱلْمُنَافِقُون

আয়াতঃ ৬৩:৩

আরবি মূল আয়াত:

🗚 আনুবাদসমূহ:

তা এ জন্য যে, তারা ঈমান এনেছিল তারপর কুফরী করেছিল। ফলে তাদের অন্তরসমূহে মোহর লাগিয়ে দেয়া হয়েছে। তাই তারা বুঝতে পারছে না। — আল-বায়ান

তার কারণ এই যে, তারা ঈমান আনে, অতঃপর কুফুরী করে। এজন্য তাদের অন্তরে মোহর লাগিয়ে দেয়া হয়েছে। যার ফলে তারা কিছুই বুঝে না — তাইসিরুল

এটা এ জন্য যে, তারা ঈমান আনার পর কুফরী করেছে; ফলে তাদের হৃদয় মোহর করে দেয়া হয়েছে, পরিণামে তারা বোধশক্তি হারিয়ে ফেলেছে। — মুজিবুর রহমান

That is because they believed, and then they disbelieved; so their hearts were sealed over, and they do not understand. — Sahih International

৩. এটা এজন্য যে, তারা ঈমান আনার পর কুফরী করেছে। ফলে তাদের হৃদয় মোহর করে দেয়া হয়েছে; তাই তারা বুঝতে পারছে না।

তাফসীরে জাকারিয়া

- (৩) এটা এ জন্য যে, তারা বিশ্বাস করার পর অবিশ্বাস করেছে,[1] ফলে তাদের হৃদয় মোহর করে দেওয়া হয়েছে, সুতরাং তারা বুঝবে না।
 - [1] এ থেকে জানা গেল যে, মুনাফিকরা পরিষ্কার কাফের।

তাফসীরে আহসানল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5191

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন